



মেসিকে ছাড়া বলিভিয়াকে ৪-০ গোলে হারাল আর্জেন্টিনা



ছবি: সংগৃহীত

লিওনেল মেসিকে ছাড়া নতুন অধ্যায়ের শুরুটা জয় দিয়েই করল আর্জেন্টিনা। বৃহস্পতিবার (১ অক্টোবর) আন্তর্জাতিক প্রীতি ম্যাচে বলিভিয়াকে ৪-০ গোলে হারিয়েছে লিওনেল স্কালোনির দল।

ম্যাচের শুরু থেকেই আক্রমণাত্মক ফুটবল খেলেছে আর্জেন্টিনা। ১৯ মিনিটে লাওতারো মার্তিনেজের গোলে এগিয়ে যাওয়ার পর ১০ মিনিটের ব্যবধানে ব্যবধান দ্বিগুণ করেন নিকো পাজ।

দুই গোলার লিড নিয়ে বিরতিতে যাওয়ার পর দ্বিতীয়ার্ধেও আক্রমণের ধারা ধরে রাখে আর্জেন্টিনা। গোলের ব্যবধান বাড়িয়ে দেন রোমেরো। পরে লোপেজের গোলে ৪-০ হয় ম্যাচের স্কোরলাইন।

শেষ পর্যন্ত বড় জয় নিয়েই মাঠ ছাড়ে আর্জেন্টিনা।

LENS ASIA